

■ হাদিস সম্মান

হাদিস নাম্বারঃ ৩৫১৮

২৭/ আদব

পরিচ্ছেদঃ সবর (ধৈর্যের) বিবরণ

আরবী

وَعَنْ أَنَسٍ قَالَ : لَمَّا ثَقُلَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ جَعَلَ يَتَغَشَّاهُ الْكَرْبُ فَقَالَتْ فَاطِمَةُ رَضِيَ اللَّهُ عَنْهَا : وَأَكْرَبَ أَبْنَاهُ فَقَالَ لَيْسَ عَلَى أَبِيكَ كَرْبٌ بَعْدَ الْيَوْمِ فَلَمَّا مَاتَ قَالَتْ : يَا أَبْنَاهُ أَجَابَ رَبِّيَا دُعَاهُ يَا أَبْنَاهُ جَنَّةُ الْفِرْدَوْسِ مَأْوَاهُ يَا أَبْنَاهُ إِلَى جَبْرِيلَ نَنْعَاهُ فَلَمَّا دُفِنَ قَالَتْ فَاطِمَةُ رَضِيَ اللَّهُ عَنْهَا : أَطَابَتْ أَنْفُسُكُمْ أَنْ تَحْثُوا عَلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ التُّرَابَ رَوَاهُ الْبَخَارِي

বাংলা

(৩৫১৮) আনাস (রাঃ) হতে বর্ণিত, যখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বেশী অসুস্থ হয়ে পড়লেন এবং তাকে কষ্ট ঘিরে ফেলল, তখন (তাঁর কন্যা) ফাতিমা (রায়িয়াল্লাহু আনহা) বললেন, 'হায়! আববাজানের কষ্ট!' তিনি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এ কথা শুনে বললেন, 'আজকের দিনের পর তোমার পিতার কোন কষ্ট হবে না।' অতঃপর যখন তিনি দেহত্যাগ করলেন, তখন ফাতিমা (রায়িয়াল্লাহু আনহা) বললেন, 'হায় আববাজান! প্রভু যখন তাঁকে আহবান করলেন, তখন তিনি তাঁর ডাকে সাড়া দিলেন। হায় আববাজান! জান্নাতুল ফিরদাউস তাঁর বাসস্থান। হায় আববাজান! আমরা জিবরীলকে আপনার মৃত্যু-সংবাদ দেব।' অতঃপর যখন তাঁকে সমাধিস্থ করা হল, তখন ফাতিমা (রায়িয়াল্লাহু আনহা) (সাহাবাদেরকে) বললেন, 'আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর উপর মাটি ফেলতে কি তোমাদেরকে ভাল লাগল?'

ফুটনোট

(বুখারী ৪৪৬২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াইদিয়া ইসলামিয়া লাইব্রেরী □ বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=67266>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন